

া লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহ্যান - অনুচ্ছেদ সূচি রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

৩২৭. নাখলাহ উপত্যকা থেকে গায়েবী আওয়াজ

নবী মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে তার পরিবারের, সন্তান-সন্ততির ও জন্মভূমির স্থান মক্কা ছেড়ে চলে যেতে বাধ্য করা হয়েছে। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তায়েফে আশ্রয় চেয়েছিলেন- সেখানে তার সাথে অবজ্ঞার সাথে আচরণ করা হয়েছিল; বড়রা তাকে গালি-গালাজ করেছিল আর ছোটরা তাকে ভেঙচি কেটেছিল ও তাকে পাথর মেরেছিল, দুঃখের অশ্রু দরদর করে তার গাল বেয়ে পড়েছিল ও তার পা দিয়ে রক্ত ঝরেছিল। কোথায় তার ফিরার জায়গা ছিল? কোথায় তার আশ্রয় নেয়ার স্থান ছিল? একমাত্র যার নিকট কেউ আশ্রয় চাইতে পারে তিনি হলেন সর্বশক্তিমান আল্লাহ। মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কা'বার দিকে মুখ ফিরালেন, আল্লাহর শুকরিয়া আদায় করলেন, তাঁর (আল্লাহর) প্রশংসা করলেন এবং তাঁর দুঃখ-কষ্টের সময় তাকে সাহায্য করার জন্য তার (আল্লাহর) নিকট আকুল আবেদন করলেন। তায়েফে তার তিক্ত অভিজ্ঞতার পর তার প্রভুর নিকট তার নিম্নোক্ত প্রার্থনাটি পড়ন-

اللّهُمّ إِلَيْك أَشْكُو ضَعْفَ قُوِّتِي ، وَقِلّةَ حِيلَتِي ، وَهَوَانِي عَلَى النّاسِ، يَا أَرْحَمَ الرّاحِمِينَ ! أَنْتَ رَبّ الْمُسْتَضْعَفِينَ وَأَنْتَ رَبّي ، إِلَى مَنْ تَكِلُنِي ؟ إِلَى بَعِيد يَتَجَهّمُنِي ؟ أَمْ إِلَى عَدُق مَلّكْتَهُ أَمْرِي ؟ إِنْ لَمْ يَكُنْ بِك عَلَيّ غَضَبٌ فَلَا وَأَنْتَ رَبّي ، إِلَى مَنْ تَكِلُنِي ؟ إِنْ لَمْ يَكُنْ بِك عَلَيْ غَضَبٌ فَلَا أَبُالِي ، وَلَكِنّ عَافِيتَك هِيَ أَوْسَعُ لِي ، أَعُوذُ بِنُورِ وَجْهِك الّذِي أَشْرَقَتْ لَهُ الظّلُمَاتُ وَصَلُحَ عَلَيْهِ أَمْرُ الدّنْيَا وَالْآخِرَةِ مِنْ أَنْ تُنْزِلَ بِي غَضَبَك ، أَوْ يَحِلّ عَلَيّ سُخْطُكَ، لَك الْعُتْبَى حَتّى تَرْضَى ، وَلَا حَوْلَ وَلَا قُوّةَ إِلّا بِك

ভাবার্থঃ "হে আল্লাহ! আমি আপনার নিকট আমার দুর্বলতা, আমার কৌশলের অভাব ও মানুষের নিকট আমার অবমাননার অভিযোগ করছি। আপনি সর্বশ্রেষ্ঠ করুণাময় এবং দুর্বল, নিপীড়িত, অসহায়, নিঃস্ব ও দরিদ্রদের প্রভু; আর আপনি আমারও প্রতিপালক। কার নিকট আপনি আমাকে সোপর্দ করছেন? এমন আত্মীয়ের নিকটে কি আমাকে সোপর্দ করছেন যে আমাকে ক্রকুটি করে? অথবা কোন শক্রকে আমার ব্যাপারে কর্তৃত্ব দিচ্ছেন? আমার উপর যদি আপনার কোন রাগ না থাকে তবে আমি এতে (মানুষের মন্দ আচরণে) কিছু মনে করি না; তা ছাড়া আপনার নিরাপত্তা ও ক্ষমা আমার জন্য সহজতর ও প্রশস্ত। আমার উপর আপনার ক্রোধ আপতিত হওয়া থেকে আমি আপনার সত্তার সে নূরের ওসীলায় আশ্রয় প্রার্থনা করছি যার কারণে অন্ধকার দূরীভূত হয়ে আলো বিকশিত হয়েছে আর দুনিয়া ও আখেরাতের ব্যাপার (বিধান) ঠিক (নির্ধারিত) হয়ে গেছে। আপনি সন্তুষ্ট না হওয়া পর্যন্ত আমি আপনার সন্তুষ্টি চাইব বা আপনাকে সন্তুষ্ট করার চেষ্টা করব। আর আপনার সাহায্য ছাড়া (পাপ কাজ থেকে বাঁচার ও নেক আমল করার) কারো কোন সাধ্য নেই।" (জামে ছগীর, হাদীস নং ১৪৮৩, ইবনে হিশাম ১/৪২০)

Source — https://www.hadithbd.com/books/link/?id=7834

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন